

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
পরিকল্পনা মন্ত্রণালয়  
বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ  
সেন্ট্রাল প্রকিউরমেন্ট টেকনিক্যাল ইউনিট (সিপিটিইউ)  
সিপিটিইউ ভবন, শেরে বাংলা নগর, ঢাকা- ১২০৭।  
[www.cptu.gov.bd](http://www.cptu.gov.bd)



নম্বর ২১.০০.০০০০.৩৬৩.২৭.১১২.২২-৪৪

তারিখঃ ০২ চৈত্র ১৪২৯  
১৬ মার্চ ২০২৩


বিষয়ঃ উপর্যুক্ত দরপত্রে Similar Work Experience এর বিপরীতে ঠিকাদারী প্রতিষ্ঠান কর্তৃক দাখিলকৃত একক কাজের অভিজ্ঞতা সনদে যৌথ উদ্যোগ (JVCA)-এর ক্ষেত্রে Lead Partner এর Work Experience হিসাবের স্পষ্টীকরণ বিষয়ে সিপিটিইউ'র মতামত।

সূত্রঃ ইডেন ভবন গণপূর্ত বিভাগ, ঢাকা-এর স্মারক নং-২৫.৩৬.২৬০০.২১০.০৭.০০০.২৩-৩৫০৯; তারিখ: ০৫/০৩/২০২৩।

উপর্যুক্ত বিষয় ও সূত্রে উল্লিখিত পত্রের আলোকে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, চুক্তি বাস্তবায়ন শেষে ঠিকাদার কর্তৃক সম্পাদিত কাজের জন্য আদর্শ দরপত্র দলিল, PW3 তে সন্নিবেশিত ফরম্যাট অনুযায়ী সংশ্লিষ্ট ঠিকাদারের অনুকূলে ক্রয়কারী কর্তৃক Completion Certificate ইস্যু করা হয়। যৌথ-উদ্যোগের আওতায় কাজ বাস্তবায়িত হলে Completion Certificate এর "Details of Works Completed" শীর্ষক সংযুক্তিতে অংশীদারভিত্তিক Components/Activities ও Value আলাদাভাবে দেখাতে হয়।

০২। এমতাবস্থায়, দরপত্র দলিলে উল্লিখিত Specific Experience-এর সমর্থনে উপর্যুক্ত অনুচ্ছেদ-১ এর বর্ণনা অনুযায়ী দাখিলকৃত Completion Certificate এর Details of works completed অংশে সংশ্লিষ্ট দরপত্রদাতা কর্তৃক সম্পাদিত কাজের Components/Activities এবং Value বিবেচনায় নিয়ে দরপত্র মূল্যায়ন সম্পন্ন করা যেতে পারে।

০৩। সূত্রে উল্লিখিত পত্রের মাধ্যমে প্রেরিত তথ্যের ভিত্তিতে এ মতামত প্রদান করা হলো।

  
২৬-০৩-২০২৩

(মোঃ সাখাওয়াত হোসেন)

উপপরিচালক (সিনিয়র সহকারী সচিব)

ফোনঃ ০২-৯১৮০৮৪১

Email. [sakhawat.hossain@imed.gov.bd](mailto:sakhawat.hossain@imed.gov.bd)

নির্বাহী প্রকৌশলী

ও

সদস্য-সচিব, দরপত্র মূল্যায়ন কমিটি

নির্বাহী প্রকৌশলীর কার্যালয়

ইডেন ভবন গণপূর্ত বিভাগ

বাংলাদেশ সচিবালয়, ঢাকা।